সংবাদ

তারিখ 31 MAY 2017
পৃষ্ঠা ৬ ... কলাম ৬

### এসএসসির খাতা পুনঃনিরীক্ষণ

# ধরা পড়েছে অসংখ্য ভুল : ফলে পরিবর্তন

নিজস্ব বার্তা পরিবেশক

এসএসসি ও সমমান পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণে সব শিক্ষা বোর্ডেই অসংখ্য ভুল ধরা পড়েছে। পুনঃনিরীক্ষণে পরিবর্তন হয়েছে অনেক পরীক্ষার্থীর ফল। আগের ফলে ফেল করেছিল, এমন অনেকেই পাস করেছে। অনেকে পুনঃনিরীক্ষণের ফলে জিপিএ-৫ পেয়েছে। সবচেয়ে বেশি ফল পরিবর্তন হয়েছে ঢাকা বোর্ডে। এ বোর্ডে ১ হাজার ৬৭৯ জন শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে।

এদিকে বরিশাল বোর্ডে এবার এসএসসি ও জেএসসি পরীক্ষায় অংশ নিয়ে অসদুপায় অবলম্বনকারী ৫৭ জন শিক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হয়েছে।

জানা গেছে, চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণের আবেদনের পর গতকাল বিভিন্নভাবে শিক্ষা বোর্ডগুলো নিজেদের ফল প্রকাশ করে। শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে টেলিফোনে যোগাযোগ করে ফল পরিবর্তনের তথ্য পাওয়া গেছে। শিক্ষার্থী ও অভিভাবকরাও নিজ নিজ বোর্ডে গিয়ে নিজেদের ফল জানতে পারছে।

শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তারা বলেছেন, দ্রুত ফল প্রকাশের কারণেই খাতা মূল্যায়নে অসংখ্য ভুলত্রুটি থেকে যায়। মূলত তিন ধরনের ভুল ধরা পরছে। এর মধ্যে কিছু খাতায় নম্বরের যোগ ফল ঠিক ছিল না, কিছু উত্তরের নম্বর যোগ করা হয়নি এবং ওএমআর ফরমে বৃত্ত ভরাটেও ভুল পাওয়া গেছে বলে জানিয়েছেন কর্মকর্তারা।

খাতা ধরা : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## ধরা : পড়েছে

(১ম পৃষ্ঠার পর)

পুনঃনিরীক্ষণে ঢাকা শিক্ষা বার্ডের ফলাফলে সবচেয়ে বেশি ভুল ধরা পরেছে। এ বোর্ডে শিক্ষার্থীর সংখ্যাও বেশি। আবেদনের পর খাতা পুনঃনিরীক্ষণে এ বোর্ডে ১ হাজার ৬৭৯ জনের ফল পরিবর্তন ছাড়াও নতুন করে জিপিএ-৫ পেয়েছে ২৭০ জন শিক্ষার্থী। সিলেট শিক্ষা বোর্ডেও বেশ কিছু শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। এ বোর্ডের সচিব মোস্তফা কামাল আহমেদ জানিয়েছেন, এ বোর্ডে ফল পরিবর্তন হয়েছে ২৩৪ জনের। নতুন করে পাস করেছে ৩৫ জন এবং নতুন করে জিপিএ-৫ পেয়েছে ২৮ জন শিক্ষার্থী।

বরিশাল বোর্ডে পুনঃনিরীক্ষণে ২০৯ পরীক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। ফল পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছিল ৯ হাজার ৭৩১ পরীক্ষার্থী। মোট ২৩ হাজার ৪১২ আবেদন জমা পড়ে। পুনঃনিরীক্ষায় ফেল থেকে পাস করেছে ২৩ পরীক্ষার্থী। এছাড়া ২১ জন নতুন করে জিপিএ-৫ পেয়েছে। এ বোর্ডে মোট ২৪টি বিষয়ের মধ্যে গণিতে আবেদন পড়েছিল ৪ হাজার ৬৮৬টি। খ্রিস্টধর্ম খাতা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেন দুইজন। চট্টগ্রাম বোর্ডে আবেদনের প্রেক্ষিতে ফেল থেকে পাস করেছে ৫২ শিক্ষার্থী। পুনঃনিরীক্ষণের ফলে এ বোর্ডে ৬৮৭ শিক্ষার্থীর ফল বা গ্রেড পরিবর্তন হয়েছে। এর মধ্যে নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৬৭ জন।

চট্টগ্রাম শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাহবুব হাসান বলেন, এসএসসি পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণ আবেদনের প্রেক্ষিতে বেলা ১২টার দিকে ফল প্রকাশ করা হয়েছে, যা চট্টগ্রাম শিক্ষা বোর্ডের নির্ধারিত ওয়েবসাইটে দেয়া হয়েছে। ২১ হাজার ৯৩৯ জন শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে ৫৭ হাজার ৮১৪টি খাতা পুনঃনিরীক্ষণ করা হয়।

এদিকে বরিশাল বোর্ডে এবার এসএসসি ও জেএসসি পরীক্ষায় অংশ নিয়ে অসদুপায় অবলম্বনকারী ৫৭ জন শিক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হয়েছে। এদের মধ্যে থেকে ৫৪ জন শিক্ষার্থীকে ২০১৭ সালের জেএসসি এবং ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলেও 'খ' শ্রেণীভুক্ত গুরুতর অপরাধী ২ শিক্ষার্থীকে ২০১৮ সালের এসএসসি পরীক্ষায়ও বসতে দেয়া হচ্ছে না। বরিশাল শিক্ষা বোর্ডের ৩০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী গত বছরের জেএসসি এবং চলতি বছরের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী অভিযুক্ত শিক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করা হয়েছে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আনোয়ারুল আজিম জানান, চলতি বছরের এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী মোট ৩৯ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অভিযুক্তদের দুই ক্যাটাগরি অর্থাৎ 'ক' এবং 'খ' শ্রেণীভুক্ত অনুযায়ী দোষী সাব্যস্ত করা হয়েছে। এর মধ্যে 'ক' শ্রেণীভুক্ত দোষী সাব্যস্ত হয়েছে ৩৬ জন এবং 'খ' শ্রেণীভুক্ত দোষী সাব্যস্ত হয়েছে ৩ জন পরীক্ষার্থী। যারা 'ক' শ্রেণীভুক্ত দোষী সাব্যস্ত হয়েছে তাদের ২০১৭ সালের এসএসসি পরীক্ষা বাতিল করা হয়েছে। তবে তাদের রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০১৮ সালের এসএসসি পারীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কিন্তু 'খ' শ্রেণীভুক্ত দোষী সাব্যস্ত হওয়া ৩ পরীক্ষার্থীর এসএসসি পরীক্ষা বাতিলের পাশাপাশি ২০১৮ সালের পরীক্ষায়ও অংশগ্রহণ করতে পারবে না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর